



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/জামালপুর-১০০/০৭

তারিখ: ২০ চৈত্র ১৪২৯  
০৬ এপ্রিল ২০২৩

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-বামাশিবো/প্রশা/২২৪২২১০৯৯৮০৩/৬৪৩২০/নথি নং -১০০ তারিখ: ২২-০৬-২০২২ খ্রিঃ  
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর এর পত্র নং- ০৫.৪৫.৩৯৩৬.০০৫.৩৭.০০৩.২৩.১১০ তারিখ: ৩০ জানুয়ারি ২০২৩ খ্রিঃ;  
৩। প্রিজাইডিং অফিসার এর ২৭.০৩.২০২২ খ্রি. তারিখের ম্যানেজিং কমিটি নির্বাচনের নির্বাচনী তফসিল;  
৪। প্রিজাইডিং অফিসার এর ১৫.০৪.২০২২ খ্রি. তারিখের ম্যানেজিং কমিটি নির্বাচনের ফলাফল।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জামালপুর জেলার সদর উপজেলাধীন ডোয়াতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মুহাম্মদ আব্দুল হান্নান কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। মাদ্রাসা শিক্ষা বোর্ডে সুপার কর্তৃক দাখিলকৃত প্রিজাইডিং অফিসারের ফলাফল বিবরণী এবং নির্বাচনী তফসিলের পত্রে যে স্মারক নম্বর ব্যবহার করা হয়েছে তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর, জামালপুরের নয়। উক্ত স্মারকে কোন পত্র জারি করা হয়নি। মাদ্রাসার সুপার ডুয়া/জাল কাগজপত্র উপস্থাপন করে বোর্ড থেকে পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করে এনেছেন মর্মে প্রিজাইডিং অফিসার জনাব মোহাম্মদ শফিকুল হায়দার এর মতামতসহ সূত্রোক্ত ২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুরের মাধ্যমে একটি প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করা হয়েছে। নিয়ম বহির্ভূতভাবে জাল/ডুয়া কাগজপত্র তৈরি করে ম্যানেজিং কমিটি গঠন ও তার মাধ্যমে বিধি বহির্ভূতভাবে বেতন-ভাতা উত্তোলনের সাথে জড়িত মাদ্রাসার সুপার জনাব মুহাম্মদ হান্নান এর অনিয়ম ও অসদাচরণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তদন্তকারী কর্মকর্তাগণ অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত ৩ ও ৪নং স্মারকের প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ব্যবহার করে ডুয়া/জাল কাগজপত্র দিয়ে বোর্ড থেকে পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন করার বিষয়টি প্রমাণিত হওয়ায় ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে প্রেরণ করার জন্য মাদ্রাসা প্রধানকে পত্র হয়।

প্রবিধান মোতাবেক অনুমোদিত কমিটি ভেঞ্জে দেয়া হলে সদস্যদের অধিকার ক্ষুণ্ণ হবে এং মাদ্রাসা পরিচালনায় ব্যঘাত ঘটবে মর্মে মাদ্রাসা প্রধান তার জবাবে উল্লেখ করেছেন। মাদ্রাসা প্রধানের দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায়, জবাবটি সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং মাদ্রাসা প্রধানের জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০২.০৪.২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
ডোয়াতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, জামালপুর

নং-বামাশিবো/প্রশা/জামালপুর-১০০/

তারিখ: ২০ চৈত্র ১৪২৯  
০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, জামালপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, জামালপুর;
৫. প্রিজাইডিং অফিসার, মোহাম্মদ শফিকুল হায়দার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, সদর, জামালপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোন: ৯৬৭৪৮৭৪  
ই-মেইল: dradmin@bmeb.gov.bd